বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৬৯৩১

## কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

প্রকা/(হিসাব-১) /১(৪)/ ২০১৬-১৭

তারিখ ঃ ২০-০৬-২০১৭

০১। মহাব্যবস্থাপক
লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা।

০২। উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখাসমূহ।

০৩। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ৩০ জুন ২০১৭ তারিখ ভিত্তিক বার্ষিক হিসাব সমাপনী প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বিকেবি, প্রকা, ঢাকার কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে জারীকৃত ২৯-০৫-২০১৭ তারিখের পরিপত্র নং - ০৫/২০১৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত পরিপত্রের ৫ম পৃষ্ঠায় ৩.১৮ (খ) এবং ৩.১৯ (ক) অনুচ্ছেদে করনিক ভুল থাকায় নিম্নলিখিত ভাবে তা সংশোধন করা হলো ঃ

<table>
<tr><th>অনুচ্ছেদ নং</th><th colspan="3">উল্লেখিত নির্দেশনা</th><th colspan="3">সংশোধিত নির্দেশনা</th></tr>
<tr><td>৩.১৮ (খ)</td><td colspan="3">যানবাহন অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে ৩০ জুন, ২০১৭ তারিখে দৈনিক প্রডাক্ট এর উপর বার্ষিক ৬.৫০% হারে সুদারোপ করে ১৩৭/১ উপ-খাত ডেবিট এবং ৪৬/৮ খাতকে ক্রেডিট করতে হবে।</td><td colspan="3">যানবাহন অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে ৩০ জুন, ২০১৭ তারিখে দৈনিক প্রডাক্ট এর উপর প্রশাসন পরিপত্র নং ০৫/২০১১ তারিখ ২৯-০৩-২০১১ মোতাবেক ৩০-১০-২০১৬ পর্যন্ত বার্ষিক ৬.৫০% হারে এবং ৩১-১০-২০১৬ হতে প্রশাসন পরিপত্র নং ১৯/২০১৬ তাং ২২-১১-২০১৬ মোতাবেক বার্ষিক ৭% হারে সুদারোপ করে ১৩৭/১ উপ-খাত ডেবিট এবং ৪৬/৮ খাতকে ক্রেডিট করতে হবে।</td></tr>
<tr><td rowspan="3">৩.১৯ (ক)</td><td>বিবরণ</td><td>০১-০৭-২০১৫ হতে অদ্যাবধি</td><td rowspan="3">সূত্র নং - প্রকা/হিসাব-১/পরিপত্র নং - ১৭/২০১৬ তারিখ ঃ২৪-০৩-২০১৬</td><td>বিবরণ</td><td>০১-০৭-২০১৫ হতে অদ্যাবধি</td><td rowspan="3">সূত্র নং - প্রকা/হিসাব-১/পরিপত্র নং - ১৮/২০১৬ তারিখ ঃ ১৫-০৫-২০১৬</td></tr>
<tr><td>প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহনের ক্ষেত্রে সুদের হার</td><td>৭.৫০%</td><td>প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহনের ক্ষেত্রে সুদের হার</td><td>৭.৫০%</td></tr>
<tr><td>প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদের হার</td><td>৮%</td><td>প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদের হার</td><td>৮%</td></tr>
</table>

২০/৬/১৭
(মোঃ মাহ্তাব উদ্দিন)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫৬৯৩১

নং-প্রকা/হিসাব-১/১(৪)/২০১৬-২০১৭/

তারিখঃ ২০-০৬-২০১৭

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক। সংযুক্তি-ছ অনুযায়ী বিভাগের আওতাধীন অঞ্চল ও কর্পোরেট শাখাসমূহের নীট লাভ/লোকসানের বিবরণী ০১-০৭-২০১৭ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল বভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়গণকে অনুরোধ করা হলো।
৫। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা। বার্ষিক হিসাব সমাপণী জুন, ২০১৭ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী যথাসময়ে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। **সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকাঃ** সংশ্লিষ্ট বিভাগের সাথে সম্পর্কিত ২০১৬-১৭ অর্থ বছরের যাবতীয় খরচ /নগদ অগ্রিম বিমোচিতকরন এবং সকল আদায় যোগ্য অর্থ আদায়করন ও সমন্বয় সাধন অবশ্যই ৩০ জুন, ২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। বিভিন্ন বিভাগে ধারনকৃত সকল নগদ ও ডাক মাসুল বাবদ অর্থ অত্র বিভাগের বিল শাখা হতে ভাউচার করে স্থানীয় মুখ্য কার্যালয়ে বছরের শেষ কর্মদিবসে জমা করতে হবে।

**প্রকিউরমেন্ট বিভাগঃ** প্রকিউরমেন্ট বিভাগকে ডেডষ্টক (অবচয় তালিকাসহ) ও ষ্টেশনারী দ্রব্যের মওজুদের বাস্তব পরীক্ষাকরন পুর্বক প্রতিবেদন/বিবরণী তৈরি করে ৩০-০৬-২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে জমা দিতে হবে এবং ৩.৩২ নং অনুচ্ছেদ অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**প্রকৌশল বিভাগ ঃ** প্রকৌশল বিভাগও ৩.৩২ নং অনুচ্ছেদ মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ৩০,জুন ২০১৭ এর মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

**কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ ঃ** ৩০ জুন, ২০১৭ তারিখে প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের অগ্রিমের উপর নির্ধারিত হারে সুদ ধার্য করবে এবং সংযুক্তি "ক" এর ১৭ নং ক্রমিক এর তথ্যাদি অত্র বিভাগে ০২-০৭-২০১৭ তারিখের মধ্যে প্রেরন নিশ্চিত করবে।

**প্রকিউরমেন্ট বিভাগ/ প্রকৌশল বিভাগ ঃ** ব্যাংক কর্তৃক প্রদত্ত নিরাপত্তা জামানত সম্পর্কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমুহ হতে প্রত্যয়ন পত্র সংগ্রহ করে অত্র বিভাগে ০৪-০৭-২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করবেন যাতে নিরীক্ষা দলের নিকট উপস্থাপন করা যায়।

**ঋণ শ্রেনীবিন্যাস বিভাগ ঃ** ৩০-০৬-২০১৭ তারিখ ভিত্তিক শ্রেনী বিন্যাসিত ঋণের বিপরীতে প্রভিশন ধার্য্যের বিবরণী (CL-1) চুড়ান্ত হিসাবে অন্তর্ভুক্তির জন্য অবশ্যই ২০-০৭-২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে সকল সংযুক্তিসহ অত্র পরিপত্রটি ব্যাংকের Web Site এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বিকেবি।

৯। **সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক পরিপত্রটি সংযুক্তিসহ অঞ্চলাধীন সকল শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।**

১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি। শাখাসমুহের আমানত ও ঋণ হিসাবের স্থিতির সঠিকতা সংশ্লিষ্ট শাখা সমূহের ৩০-০৬-২০১৭ তারিখ ভিত্তিক নিরীক্ষার মাধ্যমে নিশ্চিত করবেন।

১১। নথি/মহানথি।

20/06/17

(মোঃ কামাল উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক
মোবাইল ঃ ০১৮১৭১০০০৪৫